

# কেন্দ্র এসএসসি পরীক্ষার্থীদের ইউনিফর্ম পরে আসার নির্দেশ

প্রতিনিধি, বরিশাল:

: শনিবার, ২৯ এপ্রিল ২০২৩



সারাদেশে আগামীকাল রোববার (৩০ এপ্রিল) থেকে শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা। এ সময় শিক্ষার্থীদের স্কুলের নির্ধারিত পোশাক বা ইউনিফর্ম পরে এসএসসি পরীক্ষায় অংশ নিতে হবে। আর কোনো স্কুলের নির্ধারিত স্কুল ইউনিফর্ম না থাকলে মার্জিত পোশাক পরে এসএসসি পরীক্ষা কেন্দ্রে আসতে বলা হয়েছে।

ইউনিফর্ম পরে এসএসসি পরীক্ষার হলে পরীক্ষার্থীদের আসতে বলে ইতোমধ্যে লিখিত নির্দেশনা জারি করেছে বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড।

এ বিষয়ে পরীক্ষার্থী, প্রধান শিক্ষক, কেন্দ্র সচিবসহ সংশ্লিষ্ট সবাইকে  
সচেতন থাকতে অনুরোধ করেছে বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক  
শিক্ষা বোর্ড।

এ বছর এসএসসি পরীক্ষায় মোট ২০ লাখ ৭২ হাজার ১৬৩ জন পরীক্ষার্থী  
অংশগ্রহণ করবেন। এবার ছাত্রের তুলনায় ছাত্রী বেশি পরীক্ষা দিচ্ছে।  
পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ১০ লাখ ২১ হাজার ১৯৭ এবং ছাত্রী ১০ লাখ ৫০  
হাজার ৯৬৬ জন।

গত বছরের তুলনায় এবার পরীক্ষার্থী বেড়েছে ৫০ হাজার ২৯৫ জন। গতবার এসএসসি ও সমমানে মোট পরীক্ষার্থী ছিলেন ২০ লাখ ২১ হাজার। চলতি এসএসসি ও সমমানের পরীক্ষায় ছাত্রী বৃদ্ধি পেয়েছে ৩৮ হাজার ৬০৯ জন। এবছর প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে ২০৭টি, কেন্দ্র বেড়েছে ২০টি। এবার মোট কেন্দ্র ৩ হাজার ৮১০টি এবং মোট প্রতিষ্ঠান ২৯ হাজার ৭৯৮টি।

এদিকে, আসন্ন এসএসসি ও সমমান পরীক্ষার কেন্দ্রগুলোর ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের প্রবেশে করতে পারবে না বলে জানিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)।

গত বৃহস্পতিবার (২৭ এপ্রিল) ডিএমপি কমিশনার খন্দকার গোলাম ফারুক স্বাক্ষরিত এক আদেশে এ নিষেধাজ্ঞা জারি করা হয়।